সাক্ষী হওয়া

আদালতে যাওয়া

আদালতে অপরাধের মামলা এবং শিশুদের শুনানিতে প্রাপ্তবয়স্ক সাক্ষীদের জন্য একটি পুস্তিকা

অনুরোধ করা হলে এই ডকুমেন্ট বা দলিলের আরো কপি, অডিও, বড়ো ছাপার অক্ষরে এবং সাম্প্রদায়িক ভাষায় পাওয়া যাবে।
অনুগ্রহ করে যোগাযোগ করুন 0131 244 2213।

9 780755 948963
ISBN 0-7559-4896-3

© ক্রাউন কপিরাইট 2006

এই দলিলটি স্কটিশ একজিকুটিভ ওয়েবসাইটেও পাওয়া যায় ঃ

www.scotland.gov.uk

Astron B44303 04/06 [Bengali]

আরো কপি এখানে পেতে পারেন

Blackwell's Bookshop
53 South Bridge
Edinburgh
EH1 1YS

টেলিফোনে অর্ডার এবং জিজ্ঞাসাবাদের জন্য
0131 622 8283 অথবা 0131 622 8258

ফ্যাক্স অর্ডার
0131 557 8149

ইমেল অর্ডার
business.edinburgh@blackwell.co.uk

এই দলিলটি প্রকৃত দলিলের যথাযথ প্রতিরূপ রূপে বিবেচিত।

w w w . s c o t l a n d . g o v . u k

সাক্ষী হওয়া

আদালতে যাওয়া

আদালতে অপরাধের মামলা এবং শিশুদের শুনানীতে প্রাপ্তবয়স্ক সাক্ষীদের জন্য একটি পুস্তিকা।

এই পুস্তিকায় ব্যবহৃত ছবিগুলি স্কটিশ একজিক্যুটিভ-এর শিশু ও প্রাপ্তবয়স্ক ক্ষতিসাধনযোগ্য সাক্ষীদের জন্য নির্দেশিকা 'বিইং এ উইটনেস' (সাক্ষী হওয়া) সিডি রোম থেকে নেওয়া হয়েছে।

সংশ্লিষ্ট প্রত্যেক ব্যক্তিকে বিশেষভাবে ধন্যবাদ জানানো হচ্ছে।

সূচীপত্র

ভূমিকা	2
সাক্ষী কী?	3
সাক্ষী হিসেবে আপনি কী প্রকার সহায়তা ও সহযোগিতা পেতে পারেন?	5
আদালত পরিচিতি পরিদর্শন	10
আদালত এবং আদালতের কার্যপ্রণালী	11
আদালতে কারা থাকেন এবং তাদের কী কাজ?	13
কিভাবে আদালতে মামলা প্রস্তুত হয়	17
আদালতে যাওয়ার দিন	19
আদালতে যাওয়ার প্রস্তুতি - আপনাকে কী করতে হবে	20
মামলার দিন	22
অপেক্ষা	23
শনাক্তকরণ	25
আপনার সাক্ষ্য দেওয়া	26
আপনার সাক্ষ্যদানের পরে	30
আদালতে মামলার সমাপ্তি	31
অন্য যে সাহায্য পাওয়া যায়	33
যে কোনো অন্য প্রশ্ন বা মন্তব্য	35
যা মনে রাখবেন	36
যোগাযোগের জন্য প্রয়োজনীয় নাম ও নম্বর	37
পরিভাষা	38

ভূমিকা

আদালতে যাওয়া

এই পুস্তিকাটি প্রাপ্তবয়স্ক সাক্ষীদের জন্য মামলায় সাক্ষ্য দেওয়ার জন্য যাদের আদালতে ডাকা হতে পারে।

আদালতে একটি অপরাধের মামলায়, সাক্ষীরা সম্ভাব্য অপরাধ বিষয়ে গুরুত্বপূর্ণ তথ্য জানাতে পারে।

আদালতে শিশুদের শুনানির মামলায় সাক্ষীরা শিশুদের মঙ্গলসাধন বিষয়ে জরুরি তথ্য জানাতে পারেন।

প্রথমবার কোনো কিছু করা কারো পক্ষেই সহজ হয় না এবং প্রথমবার সাক্ষী হওয়ার জন্য আপনিও উদ্বিগ্ন বোধ করতে পারেন।

আপনার মনে যে প্রশ্নগুলি জাগতে পারে তার উত্তর পেতে এই পুস্তিকা আপনাকে সাহায্য করবে এবং আদালতে কী ঘটে তা বুঝতেও সাহায্য করবে।

আপনাকে কে সাহায্য করতে পারে এবং সাক্ষী হিসেবে আপনি কী প্রকার সহায়তা পেতে পারেন, এই পুস্তিকা আপনাকে সেকথাও বলতে পারে।

আদালতে বিচার চলাকালীন যে ধরণের শব্দ ব্যবহার করা হয় সেই প্রকার শব্দের একটি তালিকা এই পুস্তিকার শেষে দেওয়া হয়েছে।

সাক্ষী কী?

সাক্ষী হওয়া অত্যন্ত গুরুত্বপূর্ণ, সেটা আদালতে অপরাধের মামলায় হোক অথবা আদালতে শিশুদের শুনানির মামলাতেই হোক।

আপনি যদি সাক্ষী হন, তার অর্থ হবে যে আপনি ঃ

- আপনি একটি অপরাধের শিকার হয়েছেন;
- অপরাধ সম্পর্কে কিছু দেখেছেনে বা শুনেছেন;
- অপরাধের জন্য অভিযুক্তকোনো ব্যক্তির বিষয়ে আপনি কিছু জানেন; অথবা
- প্রতক্ষ্য বা অপ্রত্যক্ষভাবে আপনি শিশুদের শুনানির মামলার সঙ্গে জড়িত।

আদালতকে তথ্য জানিয়ে সাক্ষীরা একটি প্রয়োজনীয় ভূমিকা গ্রহণ করে। এই তথ্যকে বলা হয় সাক্ষ্য প্রমাণ। সাক্ষীদের দেওয়া এই সাক্ষ্য প্রমাণের প্রয়োজন হয় আদালতের, যার সাহায্যে তারা যা ঘটে গেছে তার একটি ছবি তৈরি করে নিতে পারেন এবং মীমাংসা বা সিদ্ধান্তে পৌঁছাতে পারেন।

আদালতে যাওয়া

সাক্ষী হওয়া অত্যন্ত গুরুত্বপূর্ণ। আপনি যা জানেন সে বিষয়ে আদালতকে সত্য কথা বলতে হয়।

আপনার মতো সাক্ষীর সাহায্য ছাড়া আদালত ভালোভাবে কাজ করতে পারে না।

আপনি হয়তো ইতিমধ্যেই পুলিশ বা উকিলের কাছে বিবৃতি রূপে তথ্য সরবরাহ করেছেন।

তিন প্রকার ব্যক্তি সাক্ষ্য দেওয়ার জন্য আপনাকে ডাকতে (অথবা ,প্রথানুযায়ী ভাষায় ‘সমন’ বা ‘তলব’) পারেন ঃ

- প্রকিউরেটর ফিসক্যাল বা বাদী পক্ষের আইনজীবী (সরকারি অথবা অভিশংসক উকিলও বলা হয়)
- প্রতিবাদী বা ডিফেন্স অথবা অপর উকিল
- শিশুদের প্যানেলের রিপোর্টার বা প্রতিবেদক।

সাক্ষী হিসেবে আপনি কী প্রকার সহায়তা ও সহযোগিতা পেতে পারেন?

এমন অনেক ব্যক্তিএবং সংস্থা আছে যারা আদালত প্রক্রিয়া এবং সাক্ষ্য প্রমাণ দেবার জন্য আরো ভালোভাবে নিজেকে প্রস্তুত করার কাজে সাহায্য করার মতো সহায়ক ব্যবস্থা সম্পর্কে আপনাকে তথ্য সরবরাহ করতে পারে।

অনেক সময়ে আপনার পরিবার ও বন্ধুদের সঙ্গে কথা বলাও সহায়ক হতে পারে। আরো অনেক ব্যক্তি আপনাকে সাহায্য করতে পারেন।

✿ ভিটকিম সাপোর্ট স্কটল্যান্ড [Victim Support Scotland (VSS)] ঃ

আপনার স্থানীয় সম্প্রদায়ের কর্মচারী এবং স্বেচ্ছাসেবীরা ক্ষতিগ্রস্ত ব্যক্তি, তার পরিবারবর্গ এবং কোনো কোনো সাক্ষীকেও সাহায্য করতে পারেন, এমনকি আদালতে যদি কোনো মামলা না হয় তবুও। তারা আপনার বাড়িতে এসে আপনার সঙ্গে দেখা করার ব্যবস্থা করতে পারে অথবা VSS এর স্থানীয় অফিসেও সাক্ষাতের ব্যবস্থা করতে পারেন। আদালতে যদি মামলা দায়ের হয় VSS আদালত ভিত্তিক উইটনেস সার্ভিস (সাক্ষী পরিষেবা)র সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করেন।

✿ সাক্ষী পরিষেবা (The Witness Service)ঃ

স্কটল্যান্ডের প্রত্যেকটি হাইকোর্ট এবং শেরিফ কোর্টে ‘ভিকটিম সাপোর্ট স্কটল্যান্ড’ দ্বারা এই পরিষেবা সরবরাহ করা হয়। অপরাধের মামলার সঙ্গে জড়িত সকল সাক্ষী এবং তাদের পরিবার যখন আদালতে উপস্থিত হন এই পরিষেবার কর্মচারী এবং স্বেচ্ছাসেবীরা তাদের সাহায্য ও সহায়তা প্রদান করেন। আপনি হয়তো উইটনেস সার্ভিসের কোনো ব্যক্তির সঙ্গে টেলিফোনে কথা বলেছেন অথবা মামলা শুরু হওয়ার আগে আদালত পরিদর্শনের সময়ে সাক্ষাত করেছেন।

আদালতে যাওয়া

✿ **পুলিশ ঃ** আপনি যদি পুলিশের কাছে কোনো বয়ান বা বিবৃতি দিয়ে থাকেন, তাহলে তারা কী ঘটেছে জানার ব্যাপারে আপনাকে সাহায্য করতে এবং আপনার প্রশ্নের উত্তর দিতে পারেন। জনসাধারণের নিরাপত্তার জন্য পুলিশ সব আদালতে উপস্থিত থাকেন এবং ভীতিপ্রর্শনের কোনো অভিযোগ রিপোর্ট করা হলে তাকে যথেষ্ট গুরুত্ব দেবেন।

✿ **প্রকিউরেটর ফিসকাল ঃ** যদি কোনো বিচারকার্য হয় এবং প্রকিউরেটর ফিসকাল সাক্ষী হিসেবে আপানাকে ডেকে পাঠানোর সিদ্ধান্ত নেন, তাহলে তারা আপনাকে আদালতের মামলার বিষয়ে একটি চিঠি পাঠাবেন এবং একটি পুস্তিকা পাঠাবেন যাতে সেখানে কী ঘটবে সেকথা ব্যাখ্যা করা থাকবে। কয়েকটি ক্ষেত্রে আপনি আগেই প্রকিউরেটর ফিসক্যালের সঙ্গে কথা বলে থাকবেন, যখন তিনি আপনার সাক্ষ্য বিষয়ে জিজ্ঞাসাবাদ করেছেন।

✿ **ক্ষতিগ্রস্ত বিষয়ে তথ্য ও উপদেশ [Victim Information and Advice (VIA)] ঃ** VIAর ব্যক্তিরা প্রকিউরেটর ফিসক্যালের সঙ্গে কাজ করেন এবং অপরাধে নিগৃহীত অধিকাংশ ব্যক্তিকে তথ্য এবং উপদেশ প্রদান করেন। কয়েকটি ক্ষেত্রে তারা মামলার সাক্ষীর জন্যেও এই কাজ করে থাকেন। শুধুমাত্র প্রকিউরেটর ফিসক্যাল VIA এর কাছে কাউকে পাঠাতে পারেন। যদি আপনার কেসটির সঙ্গে VIA সংশ্লিষ্ট থাকেন, তাহলে তারা হয়তো ইতিমধ্যে একটি চিঠি ও আদালত প্রক্রিয়া বিষয়ক একটি পুস্তিকা আপনার কাছে পাঠিয়েছেন এবং কি ঘটেছে সে ব্যপারে আপনার প্রশ্নের উত্তর দেওয়ার চেষ্টা করবেন।

✿ **উকিল ঃ** যদি প্রতিবাদী পক্ষের উকিল আপনাকে সাক্ষী হওয়ার জন্য ডেকেছেন, তাহলে আদালতের প্রক্রিয়া বিষয়ে আপনি তার কাছে জেনে নিতে পারেন। তারা আপনার প্রশ্নের উত্তর দেবেন এবং প্রয়োজনীয় সহায়তার ব্যবস্থা করবেন।

✿ **শিশুদের রিপোর্টার ঃ** আপনি হয়তো ইতিমধ্যেই শিশুদের রিপোর্টারের সঙ্গে কথা বলেছেন, যখন তারা আপনাকে সাক্ষী দেওয়ার কথা বলেছিলেন। তারা আপনার প্রশ্নের উত্তর দেবেন এবং প্রয়োজনীয় সহায়তার ব্যবস্থা করবেন।

✿ **সমাজ-সেবী ঃ** যেসব ব্যক্তির অতিরিক্ত সহায়তা ও পর্যবেক্ষণের প্রয়োজন হয় সমাজ-সেবীরা তাদের সাহায্য করেন। আপনার হয়তো ইতিমধ্যেই কোনো সমাজসেবীর সঙ্গে যোগাযোগ হয়েছে এবং তারা আপনার কথা শুনবেন এবং প্রয়োজনীয় সহায়তার ব্যবস্থা করতে আপনাকে সাহায্য করার চেষ্টা করবেন।

✿ **স্বেচ্ছাসেবী সংস্থা ঃ** আপনি হয়ত ইতিমধ্যেই অন্য সহায়ক সংস্থার সঙ্গে যোগাযোগ করেছেন যথা স্কটিশ উইমেন্স এইড, রেপ ক্রাইসিস, এজ কনসার্ন, এবং অন্যান্য।

এসব ক্ষেত্রে এমন কোনো ব্যক্তির সঙ্গে কথা বললে প্রায়শই সহায়তা হয়, যে ব্যক্তি জানেন সাক্ষী হিসেবে আপনার কাছে কী আশা করা হচ্ছে এবং আদালতের প্রক্রিয়া কিভাবে কাজ করে সেটাও বোঝেন।

অনুগ্রহ করে এই পুস্তিকার শেষের পৃষ্ঠায় সেইসব ব্যক্তি বা সংস্থার নাম ও যোগাযোগ নম্বর লিখে রাখুন যারা সরাসরি আপনাকে সাহায্য করছে।

এখানে এমন কয়েকটি বিষয় উল্লেখ করা হল যে ব্যাপারে আপনি চিন্তিত থাকতে পারেন ঃ

আমার সঙ্গে কি অপরাধী বা মামলার সঙ্গে জড়িত অপর পক্ষের সাক্ষাত হবে ?

অপরাধের মামলায় আপনি যদি বিশেষভাবে আদালতের বিল্ডিংএ ঢুকতে অথবা একই অপেক্ষার স্থানে কারো সঙ্গে থাকতে উদ্বিগ্ন বোধ করেন, তাহলে আদালত বিল্ডিং-এ গিয়ে কেউ আপনার সঙ্গে দেখা করতে পারেন।

উইটনেস সার্ভিস আদালতের কর্মী অথবা VIA থেকে কোনো ব্যক্তিএই ব্যবস্থা করতে পারেন। আপনি অপর সাক্ষীদের থেকে দূরে অপর একটি ঘরেও অপেক্ষা করতে পারেন। যদিও এমন কোনো গ্যারান্টি বা প্রতিশ্রুতি দেওয়া সম্ভব নয় যে মামলাটির সঙ্গে জড়িত অপর ব্যক্তিদের সঙ্গে আপনার দেখা হবে না।

শিশুদের শুনানির মামলায় শিশুদের রিপোর্টাররা যেখানে প্রয়োজন সেখানে সংশ্লিষ্ট সাক্ষীদের সতর্ক করে দেবেন। মামলার সঙ্গে জড়িত অপর ব্যক্তিদের সঙ্গে যাতে সাক্ষাত না হয় তার জন্য পৃথক অপেক্ষা-ঘর (ওয়েটিং রুম) ব্যবহার করা হবে।

আদালতে যাওয়া

জনসাধারণ কী আমার সাক্ষ্য শুনতে পাবে ?

অপরাধের মামলায়, সাধারণত আদালত ঘর খোলা থাকে এবং যে কোনো ব্যক্তিআদালত ঘরের পিছনের অংশে গ্যালারিতে বসে সাক্ষ্য দেওয়া শুনতে পারেন, যদি না তিনি একজন সাক্ষী হন এবং তার সাক্ষ্য দেওয়া এখনো না হয়ে থাকে।

যাই হোক, নিয়মানুসারে আদালতকে জনসাধারণের প্রবেশ বন্ধ করার কথা বিবেচনা করতে বলা হবে, যখন যৌন-নিগ্রহে নিগৃহীত কোনো ব্যক্তির সাক্ষ্য নেওয়া হবে। আদালতের পক্ষে অন্য সাক্ষীদের প্রবেশ বন্ধ করা সম্ভব হতে পারে যদি, উদাহরণস্বরূপ, যেখানে ভীতি-প্রদর্শনের ঝুঁকি আছে অথবা সাক্ষীর সাক্ষ্য বিশেষভাবে মর্মপীড়াদায়ক হওয়ার সম্ভাবনা।

শিশুদের শুনানি মামলায় মামলার সঙ্গে জড়িত কিছু ব্যক্তির আদালতে উপস্থিত থাকার অধিকার আছে।

অন্য সকল ব্যক্তি শুধুমাত্র শেরিফের অনুমতি সহ উপস্থিত থাকতে পারেন।

মামলার পূর্বে বা মামলা চলাকালীন কোনো ভীতি-প্রদর্শনের ঘটনা ঘটলে আপনি সেটা পুলিশ বা আদালতের কর্মীকে জানাবেন।

যদি ইংরাজী আমার প্রথম ভাষা না হয় তাহলে ?

ইংরাজী আপনার প্রথম ভাষা না হলে আপনার একজন দোভাষীর প্রয়োজন হবে। হয়তো আপনি কিছুটা ইংরাজী বলতে পারেন, কিন্তু তা সত্ত্বেও সব কথা বুঝতে অসুবিধা হতে পারে। যে ব্যক্তি আপনাকে সাক্ষী হওয়ার জন্য ডেকেছেন তিনি আপনার জন্য দোভাষীর সাহায্যের ব্যবস্থা করবেন। তারা আদালতের সঙ্গে মিলিতভাবে কাজ করবেন যাতে আপনি বিচারের সময় অথবা আদালতের অন্যান্য কার্যকালে প্রয়োজনীয় সাহায্য পেতে পারেন।

যদি আমার কোনো অক্ষমতা থাকে ?

যদি আপনার কোনো অক্ষমতা থাকে, কথা বলার অসুবিধা অথবা অতিরিক্ত অন্য প্রয়োজন থাকে, তাহলে সেকথা যে ব্যক্তি আপনাকে সাক্ষী - হওয়ার জন্য ডেকেছেন

(আপনাকে আদালতে ডেকেছেন) তাকে জানানো উচিত। শারীরিকভাবে অক্ষম সাক্ষীদের জন্য অধিকাংশ আদালতে নিয়ম অনুযায়ী সুবিধা প্রদান করা হয়। অধিকাংশ আদালতে হুইলচেয়ার আছে, এবং যারা কানে কম শোনেন তাদের জন্য 'লুপ সিস্টেম' এর ব্যবস্থা আছে। আপনি যদি কোনো বিষয়ে অনিশ্চিত থাকেন অথবা যদি আপনার অতিরিক্ত কোনো প্রয়োজন থাকে তাহলে সেকথা যে ব্যক্তি আপনাকে সাক্ষী দেওয়ার জন্য ডেকেছেন তাকে জানানো বিশেষভাবে জরুরি।

আদালতে কিছু সংখ্যক সাক্ষীদের বিশেষভাবে ক্ষতির সম্ভাবনাযুক্ত বলে মনে করা হয় যদি তাদের সাক্ষ্যপ্রমাণের মান মানসিক বিশৃঙ্খলা অথবা সাক্ষ্য দেওয়ার কারণে দুর্দশাগ্রস্ত হওয়ার ভীতি দ্বারা প্রভাবিত হতে পারে।

মানসিক বিশৃঙ্খলার অর্থ মানসিক অসুস্থতা অথবা শেখার অক্ষমতা। দুর্দশাগ্রস্ত হওয়ার ভীতি বিভিন্ন কারণে হতে পারে।

যদি আপনি মনে করেন আপনি একজন ক্ষতির সম্ভাবনাযুক্ত সাক্ষী, যে ব্যক্তি আপনাকে সাক্ষী দিতে ডেকেছেন (প্রকিউরেটর ফিসক্যাল, শিশুদের রিপোর্টার অথবা এই মামলার একজন উকিল) তার সঙ্গে এ বিষয়ে আলোচনা করবেন। তারা আপনার পরিস্থিতি বিষয়ে আপনার সঙ্গে আলোচনা করবেন এবং বিবেচনা করে দেখবেন যে আপনাকে সাক্ষ্য দেওয়ার ব্যাপারে সহায়তা করার জন্য কোনো বিশেষ ব্যবস্থা ব্যবহারের অনুমতি চেয়ে আদালতের কাছে আবেদন জানানো হবে কি না। আদালতের কী বিবেচনা করে দেখা প্রয়োজন এ বিষয়ে তারা আপনাকে আরও জানাবে এবং তারা আপনাকে বিশেষভাবে ক্ষতির সম্ভাবনাযুক্ত সাক্ষীদের বিষয়ে দ্বিতীয় পুস্তিকাটি দিতে পারেন, যার নাম 'সাক্ষী হওয়া – বিশেষ ব্যবস্থার ব্যবহার'।

আদালত পরিচিতি পরিদর্শন

অধিকাংশ মানুষ সাক্ষী হওয়ার ব্যাপারে আরো ভালো বোধ করেন যদি তারা জানেন যে কী আশা করতে হবে এবং আগেই আদালত পরিদর্শনে গিয়ে থাকেন।

সাধারণত আদালত পরিদর্শনের ব্যবস্থা VIA, শিশুদের রিপোর্টার অথবা প্রতিবাদী উকিলের দ্বারা করা হয়ে থাকে।

উইটনেস সার্ভিস রুটিন মতো আদালত এবং অন্য টেলিভিশন সংযোগ স্থান পরিচিতির জন্য এই পরিদর্শনের দায়িত্ব নিয়ে থাকেন, যাতে অপরাধ সংক্রান্ত মামলার উদ্বিগ্ন সাক্ষীরা আদালত ব্যবস্থা ও তার বিভিন্ন প্রক্রিয়া বিষয়ে আরও পরিচিত হয়ে ওঠেন। অন্যান্য সহযোগী সংস্থাও এই কার্যে সাহায্য করতে পারেন।

আপনি হয়তো সিডি-রোম-এ আদালত ঘরের ছবি দেখা পছন্দ করবেন, যেখানে ক্ষতির সম্ভাবনাযুক্ত সাক্ষীদের জন্য প্রদত্ত বিশেষ ব্যবস্থাগুলি বিষয়ে জানানো হয়েছে এবং কিভাবে সেগুলি ব্যবহার করা হয় তা বর্ণনা করা হয়েছে।

যে ব্যক্তি আপনাকে সাক্ষী হতে বলছেন তাকে আপনি সিডি-রম দেখানোর কথা বলতে পারেন এবং আদালতে প্রকৃত পরিদর্শনে যাওয়ার ব্যবস্থা করার কথা আলোচনা করতে পারেন।

আদালত এবং আদালতের কার্যপ্রণালী

স্কটল্যান্ডের সর্বত্র বহু আদালত আছে এবং সেগুলিতে বিভিন্ন ধরণের মামলার কাজ করা হয়।

অপরাধ সংক্রান্ত মামলা ঃ

✿ গুরুত্বপূর্ণ মামলা
এগুলি গুরুতর অপরাধ সংক্রান্ত মামলা যেখানে বিচারের কাজ জুরিরা করে থাকেন। এই মামলাগুলি হাই কোর্ট বা শেরিফ কোর্টে হয়ে থাকে।

✿ সংক্ষিপ্ত মামলা
অপরাধ সংক্রান্ত এই মামলাগুলিতে কোনো জুরি থাকে না। শেরিফ অথবা ম্যাজিস্ট্রেট বিচার করে থাকেন।
এই মামলাগুলি শেরিফ কোর্ট বা ডিষ্ট্রিক্ট কোর্টে হয়ে থাকে।

সকল প্রকার অপরাধের মামলায়, বিচারক বা জজ, অথবা জুরি (যদি থাকেন), সকল প্রকার সাক্ষ্যপ্রমাণ শোনার পরে অভিযুক্ত ব্যক্তি দোষী অথবা নির্দোষ সে ব্যাপারে রায় দিয়ে থাকেন। যদি অভিযুক্ত ব্যক্তি দোষী সাব্যস্ত হয়, বিচারক বা জজ, শেরিফ বা ম্যাজিস্ট্রেট তার শাস্তি বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করেন।

VIAর দেওয়া পুস্তিকায় (দেখুন www.crownoffice.gov.uk) আদালতের কার্যপ্রণালী বিষয়ে আরও বেশী পড়তে পারেন অথবা যে ব্যক্তি আপনাকে সাক্ষী দিতে বলেছেন তার কাছেও আরও তথ্য জেনে নিতে পারেন।

শিশুদের শুনানি মামলা

এগুলি ঠিক প্রথাগত মামলা নয়। শিশুদের শুনানির মামলা শেরিফ কোর্টে হয়ে থাকে, কিন্তু মাঝে মাঝে আদালতে বা কোর্ট বিল্ডিং-এর ভিতরে একটি ছোট ঘরেও হয়। জনসাধারণের কোনো সদস্য সেখানে উপস্থিত থাকে না যদি না শেরিফ অনুমতি দেন। কোনো জুরি থাকেন না এবং সর্বদা শেরিফ সিদ্ধান্ত নিয়ে থাকেন।

শিশুদের শুনানি মামলায় শেরিফ সকল সাক্ষ্য প্রমাণ শোনেন এবং কী ঘটেছে সে বিষয়ে অথবা একটি শিশু বিষয়ে যা আশঙ্কা করা হয়েছিল তা সত্য প্রমাণিত হয়েছে কি না সে বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করেন।

শেরিফ যদি শিশু বিষয়ক রিপোর্টের সঙ্গে একমত হন, তাহলে মামলাটি শিশুদের শুনানির জন্য ফেরত পাঠানো হবে, যেখানে শিশুটির কি প্রকার সাহায্যের প্রয়োজন সে বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। কি করা হবে সে বিষয়ে শেরিফ সিদ্ধান্ত নেন না, শিশুদের শুনানিতে সেই সিদ্ধান্ত নেওয়া হয়।

যেহেতু এ মামলাগুলি শিশুদের বিষয়ে, সেকারনে আপনি যদি শিশুদের দ্বারা সংঘটিত কোনো অপরাধে ক্ষতিগ্রস্ত না হয়ে থাকেন, আপনি হয়তো এর ফলাফল কি হল তা জানতে পারবেন না।

আদালতে কারা থাকেন এবং তাদের কী কাজ?

অপরাধের মামলায়

✿ **জজ (বিচারক) বা শেরিফ ঃ** জজ এবং শেরিফ আইন বিষয়ে দক্ষ এবং আদালতে বিচারের দায়িত্ব গ্রহণ করেন। সবকিছু যেন ন্যায্যভাবে এবং আইনসঙ্গতভাবে করা হয় এবং আদালতের নিয়ম ও আইনানুগ প্রক্রিয়া অনুসরণ করা হয়, তারা সেটা নিশ্চিত করবেন। সাক্ষী এবং মামলার সঙ্গে জড়িত অন্য সকল ব্যক্তির স্বার্থ রক্ষা করার দায়িত্বও তারা পালন করেন।

✿ **প্রকিউরেটর ফিসক্যাল অথবা অ্যাডভোকেট ডেপিউট ঃ** ইনি মোকদ্দমার সঙ্গে যুক্ত একজন আইনজীবি, যিনি হয়তো অপরাধের মামলায় আপনাকে সাক্ষী হতে বলেছেন। প্রকিউরেটর ফিসকাল অথবা অ্যাডভোকেট ডেপিউট অপরাধে অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে মামলাটি উপস্থিত করেন। এই আইনজীবিকে 'প্রমাণের বোঝা' বহন করতে হয়, যার অর্থ তাকে যথেষ্ট পরিমাণ সাক্ষ্য প্রমাণ উপস্থিত করতে হয় যার দ্বারা অভিযুক্ত ব্যক্তি যে যথার্থই দোষী-তা সন্দেহাতীত রূপে প্রমাণ করা সম্ভব হয়। তারা আদালতে সাক্ষীদের প্রশ্ন করেন যাতে সাক্ষীরা সেই প্রশ্নের উত্তরে সাক্ষ্য প্রমাণ দিতে পারেন।

✿ **প্রতিবাদীপক্ষের উকিল ঃ** প্রতিবাদী পক্ষের উকিল বা কাউন্সেল অভিযুক্তব্যক্তির হয়ে কাজ করেন। তিনি বাদী পক্ষের সাক্ষ্য প্রমাণগুলি পরীক্ষা করেন এবং প্রতিবাদী পক্ষের অবস্থা আদালতের কাছে উপস্থিত করেন। এরা সর্বদা অভিযুক্তব্যক্তির স্বার্থ রক্ষা করেন। যদি একাধিক ব্যক্তি অভিযুক্ত হয়ে থাকেন, তাহলে আদালতে একাধিক উকিল থাকবেন এবং তারা প্রত্যেক সাক্ষীকে সাক্ষ্য বিষয়ে জিজ্ঞাসাবাদ করবেন। মাঝে মাঝে প্রতিবাদী পক্ষের উকিলও আপনাকে সাক্ষী হওয়ার অনুরোধ জানাতে পারেন।

আদালতে যাওয়া

✿ **জুরি ঃ** কয়েকটি মামলায় আইনভঙ্গ করা হয়েছে কি না সেই সিদ্ধান্ত জুরি নিয়ে থাকেন। স্কটল্যান্ডে একটি জুরিতে 15 জন ব্যক্তি থাকেন।তারা সকলেই জনসাধারণের সদস্য, মামলা শুরু হওয়ার আগে পর্যন্ত তারা কিছুই জানেন না। তারা সাক্ষ্য প্রমাণগুলি শোনেন এবং অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে অভিযোগ সন্দেহাতীত রূপে প্রমাণিত হয়ছে কিনা সেই সিদ্ধান্ত গ্রহণ করেন।

✿ **আদালতের ক্লার্ক বা কেরানী ঃ** বিচারকের সহায়তা করা এবং আদালতের কাগজ ও নথিপত্র রাখা এই ব্যক্তির দায়িত্ব।

✿ **কোর্ট অফিসার ঃ** এই ব্যক্তি আদালতের সহায়তা করেন এবং সাক্ষীদের সাক্ষ্য দেওয়ার সময় উপস্থিত হলে তাদের সেকথা জানান। সাক্ষ্যপ্রমাণের বিভিন্ন বস্তু, যথা জামাকাপড়, ফোটো অথবা অন্যান্য বস্তু সাক্ষীদের দেখানোর জন্যও এদের অনুরোধ করা হয়।

✿ **অভিযুক্ত ব্যক্তিঃ** কোনো একটি অপরাধ করেছে বলে যে ব্যক্তির বিরুদ্ধে নালিশ করা হয়েছে।

✿ **কোর্ট পুলিশ বা নিরাপত্তা অফিসার ঃ** এরা উপস্থিত থাকেন যাতে আদালতে উপস্থিত সকল ব্যক্তি ভদ্র ব্যবহার করেন এবং সুরক্ষিত থাকেন।

✿ **জনসাধারণ ঃ** অপরাধের মামলা সাধারণতঃ জনসাধারণের জন্য উন্মুক্ত থাকে। 14বছরের বয়সের উর্দ্ধে জনসাধারণ আদালতে ঘরের পিছনের এলাকায় বসে সাক্ষী ও উকিলের প্রশ্নোত্তর শুনতে ও দেখতে পারেন। যদিও বিশেষ কয়েকটি ক্ষেত্রে আদালতে জনসাধারণের প্রবেশ নিষিদ্ধ হয়।

আদালত থেকে সাংবাদিকরা কখনও বহিষ্কৃত হন না, এমন কি যখন আদালতে জনসাধারণের প্রবেশ নিষিদ্ধ হয়, তখনও সাংবাদিকরা যখন মামলাটির বিষয়ে রিপোর্ট করেন, তারা যৌন নিগ্রহে ক্ষতিগ্রস্ত ব্যক্তিকে চিহ্নিত করেন না।

আদালতে যাওয়া

শিশুদের শুনানির মামলায়

✿ **শেরিফ ঃ** শেরিফ একজন দক্ষ
আইনজীবি এবং মামলাটির সম্পূর্ণ দায়িত্ব গ্রহণ করেন। সকল কাজ যেন ন্যায্য ও আইনসম্মতভাবে হয় এবং আদালতের নিয়ম ও আইনানুগ প্রক্রিয়া অনুসরণ করা হয় সে কথা তিনি নিশ্চিত করেন। মামলার সঙ্গে জড়িত সকল ব্যক্তি যার মধ্যে সাক্ষীরাও আছেন, তাদের স্বার্থ রক্ষা করাও তাঁর কর্তব্য।

✿ **শিশুদের রিপোর্টার ঃ** শিশুদের রিপোর্টার হলেন সেই ব্যক্তি যিনি শিশুদের শুনানি মামলা উপস্থাপিত করেন, এবং হয়তো আপনাকে সাক্ষী হওয়ার অনুরোধ করেছেন। তারা আদালতে প্রশ্ন করবেন যাতে সব সাক্ষীরা তাদের সাক্ষ্য দিতে পারেন। শিশুদের স্বার্থ রক্ষা করা তাদের কাজ কিন্তু তারা শিশুদের প্রতিনিধিত্ব করেন না।

✿ **নিরাপত্তা রক্ষক বা সেফগার্ডার ঃ** নিরাপত্তা রক্ষক একজন স্বতন্ত্র ব্যক্তি যাকে শিশুদের স্বার্থ রক্ষার কাজে বহাল করা হয়। তারা মাঝে মাঝে
শিশুদের শুনানির মামলায় উপস্থিত থাকেন এবং যে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে তা যেন শিশুটির পক্ষে সর্বোৎকৃষ্ট হয় তা নিশ্চিত করার চেষ্টা করেন।

আদালতে যাওয়া

✿ **অন্য যে সকল ব্যক্তি মামলাটির সঙ্গে সরাসরি জড়িত ঃ** এদের মধ্যে থাকতে পারে শিশুটি তার পরিবার অথবা অন্য প্রাসঙ্গিক ব্যক্তি যারা সরাসরি মামলার সঙ্গে জড়িত এবং তারা সম্ভবত আদালতে থাকতে পারে।

✿ **অন্যান্য আইনজীবি ঃ** শিশুটির মামলার সঙ্গে সরাসরি জড়িত অপর ব্যক্তিদের পক্ষ থেকে এক বা একাধিক অন্য আইনজীবি আদালতে উপস্থিত থাকতে পারেন। সাক্ষীর সাক্ষ্য বিষয়ে তারা প্রশ্ন করতে পারেন। অনেক সময় এই আইনজীবি সেই ব্যক্তি হতে পারেন, যিনি আপনাকে সাক্ষী হতে বলেছেন।

শেরিফ অনুমতি না দিলে জনসাধারণ এবং সাংবাদিকরা শিশুদের শুনানি মামলায় উপস্থিত থাকতে পারেন না। অধিকাংশ ক্ষেত্রেই জনসাধারণ ও সাংবাদিকদের উপস্থিত থাকার অনুমতি দেওয়া হয় না।

কিভাবে আদালতে মামলা প্রস্তুত হয়

অপরাধের মামলা

একটি মামলা আদালতে উপস্থিত হবে কিনা সে বিষয়ে প্রকিউরেটর ফিসকাল স্বতন্ত্র ভাবে সিদ্ধান্ত নিয়ে থাকেন। একটি মামলা শুধুমাত্র তখনই আদালতে নিয়ে যাওয়া হয় যখন প্রকিউরেটর ফিসকাল মনে করেন অভিযুক্তব্যক্তিযে অপরাধ করেছে তা প্রমাণ করার মতো যথেষ্ট সাক্ষ্য প্রমাণ আছে। যদি অভিযুক্ত ব্যক্তি 'অপরাধ অস্বীকার' করেন তাহলে তার বিচার হবে এবং সাক্ষীদের সাক্ষ্য প্রমাণ দিতে বলা হবে।

শিশুদের শুনানি মামলা

একটি মামলা শিশুদের শুনানিতে উপস্থিত করা হবে কিনা সে বিষয়ে শিশুদের রিপোর্টার স্বতন্ত্রভাবে সিদ্ধান্ত নেন। শিশুদের শুনানির মামলাটি এর পরে আদালতে নিয়ে যাওয়া হবে যদি শুনানির সঙ্গে জড়িত ব্যক্তিরা যা ঘটেছে তার সঙ্গে একমত না হন অথবা যা হয়েছে তা বোঝার পক্ষে শিশুটি অত্যন্ত অল্পবয়স্ক।

প্রিকগনিশন বা প্রাথমিক বিবৃতি

যখন কোনো গুরুত্বপূর্ণ অপরাধের জন্য প্রকিউরেটর ফিসক্যাল বা প্রতিবাদী পক্ষের আইনজীবী একটি মামলা প্রস্তুত করছেন, তখন তারা আপনাকে চিঠি পাঠাবেন, যাকে 'সাইটেশন'ও বলা হয়, যাতে আপনাকে একটি মিটিং-এ উপস্থিত থাকতে বলা হবে, যেখানে আপনার কাছ থেকে একটি বয়ান বা বিবৃতি নেওয়া হবে। এই মিটিং-এ নেওয়া প্রথম বিবৃতিকে প্রিকগনিশন বলা হয়।

আদালতে যাওয়া

যদি অনুরোধ করা হয় সাক্ষী নিশ্চয়ই প্রাথমিক বিবৃতি বা প্রিকগনিশন দেবেন।

শিশুদের শুনানির মামলা প্রস্তুত করার জন্য রিপোর্টার সাধারণত পারিপার্শ্বিক বিবরণী এবং বিবৃতির উপরে নির্ভর করেন। কিন্তু মাঝে মাঝে প্রাথমিক বিবৃতি বা সাধারণ প্রস্তুতির জন্য তিনি আপনার সঙ্গে দেখা করতে চাইতে পারেন।

হয়তো অন্য কোনো উকিলও আপনার সঙ্গে কথা বলতে চাইবেন, তারা হয়তো অভিযুক্ত ব্যক্তির পক্ষে অথবা মামলাটির সঙ্গে জড়িত অন্য কোনো ব্যক্তির পক্ষে আছেন। একটি মামলা প্রস্তুত করার এটা একটা স্বাভাবিক অংশ।

কোথায় এবং কখন উকিলের সঙ্গে দেখা করবেন আপনি সেই সিদ্ধান্ত নিতে পারেন। এই সাক্ষাতকার বিষয়ে যদি আপনার কোনো প্রশ্ন থাকে, তাহলে আপনি সেই ব্যক্তির সঙ্গে আলোচনা করতে পারেন, যে ব্যক্তি আপনাকে সাক্ষী দেওয়ার জন্য আসতে বলেছেন।

কয়েকটি ক্ষেত্রে অভিযুক্তব্যক্তির কোনো উকিল থাকে না এবং তিনি নিজেই সাক্ষীদের জিজ্ঞাসাবাদ করতে চান। যদি এমন ঘটনা ঘটে এবং আপনার কী করা উচিত সে ব্যাপারে নিশ্চিত না হন অথবা যে কোনোভাবে এই ব্যাপারে উদ্বিগ্ন বোধ করেন, তাহলে যে ব্যক্তিসাক্ষী দেওয়ার জন্য আপনাকে ডেকেছেন তার সঙ্গে কথা বলুন।

আদালতে যাওয়ার দিন

মামলা শুরু হওয়ায় আপনি একটি চিঠি বা সাইটেশন পাবেন, যাতে আপনাকে মামলা শুরু হওয়ার তারিখ জানানো হবে।

একজন সাক্ষীকে আদালতে উপস্থিত থাকার জন্য প্রথাসিদ্ধ নোটিশকে সাইটেশন বলা হয় একে অবহেলা করা উচিত নয়।

সাইটেশনে উল্লিখিত যে সময়ে ও যেস্থানে আপনাকে থাকতে বলা হয়েছে সেখানে উপস্থিত থাকা একান্ত জরুরি।

প্রকিউরেটর ফিসকাল, শিশুদের রিপোর্টার অথবা উকিলকে আপনার সঙ্গে সঙ্গে জানানো উচিত যদি কোনো জরুরি কারণে সাইটেশনে উল্লিখিত তারিখে উপস্থিত থাকা আপনার পক্ষে অসুবিধাজনক হয়, উদাহরণস্বরূপ, সেই তারিখে যদি আপনার হাসপাতালে যাওয়ার দিন ধার্য হয়।

সাইটেশন বা আদালতে উপস্থিতি বিষয়ে কোনো প্রশ্ন বা উদ্বেগ থাকলেও আপনার উচিত তাদের সঙ্গে যোগাযোগ করা।

আপনাকে যদি সাক্ষী হিসেব নির্বাচন করা হয়ে থাকে, আপনার আদালতে উপস্থিত থাকা উচিত।

অপরাধ এবং শিশুদের শুনানি উভয় মামলাতেই আপনি যদি উপস্থিত না হন, আদালত আপনার জন্য সমন পাঠাতে পারে অথবা আপনাকে গ্রেপ্তার করার পরোয়ানা জারি করতে পারে।

আপনি যদি সাক্ষ্য দেওয়ার ব্যাপারে চিন্তিত থাকেন, তাহলে যে ব্যক্তি আপনাকে সাক্ষী দেওয়ার জন্য ডেকেছেন, তার সঙ্গে কথা বলা উচিত।

আদালতে যাওয়ার প্রস্তুতি - আপনাকে কী করতে হবে

অনেক ক্ষেত্রে, অভিযুক্ত ব্যক্তি তার অপরাধ স্বীকার করেন, সেকারণে আদালতে সাক্ষ্য-প্রমাণ দেওয়ার জন্য সাক্ষীর আসার প্রয়োজন হয় না। অভিযুক্ত ব্যক্তি যদি অপরাধ অস্বীকার করেন, তাহলে বিচার হতে পারে এবং আদালতে আপনার মতো সাক্ষীর সাক্ষ্য শোনার প্রয়োজন হয়।

একইভাবে শিশুদের শুনানির বহু মামলায় সকল পক্ষ ঘটনাটি বিষয়ে একমত হয় এবং মামলার নিষ্পত্তি হয়ে যায় যখন সেরকম না ঘটে আদালতের সাক্ষ্য-প্রমাণ শোনার প্রয়োজন হয়।

বিচারক বা শেরিফের প্রয়োজন হয় সাক্ষীরা যেন প্রশ্নের উত্তর দিয়ে সাক্ষ্য দেন, যাতে আদালত কী ঘটেছিল তার একটি ছবি মনে মনে প্রস্তুত করতে পারে।

সাক্ষীদের ছাড়া বিচারক (অথবা জুরি) জানতে পারবেন না কি ঘটেছিল এবং মামলার শেষে একটি পূর্ণ সিদ্ধান্তে পৌঁছতে পারবেন না।

আমি যদি চাকরি করি?

সাক্ষী দেওয়ার জন্য আপনাকে কাজ থেকে ছুটি নিতে হবে। আপনার মনিব বা বা নিয়োগ কর্তাকে আগে থেকে জানিয়ে রাখবেন যে আপনাকে সাক্ষী দিতে ডাকা হয়েছে। যদি আপনার নিয়োকর্তা আদালতে যাওয়ার জন্য ছুটি দিতে অনিচ্ছুক হন, সে কথা তখনই যে ব্যক্তি আপনাকে সাক্ষী দিতে ডেকেছেন তাকে জানিয়ে দেবেন। কাজ থেকে ছুটি নেওয়ার জন্য যদি আপনার বেতন কাটা হয় তাহলে সেই টাকা আপনি প্রকিউরেটর ফিসকাল, রিপোর্টার বা উকিলের কাছে দাবী করতে পারবেন, সেটা নির্ভর করবে কে আপনাকে সাক্ষী দিতে ডেকেছেন তার উপরে, যদিও আপনি কত টাকা দাবী করতে পারেন তা সীমাবদ্ধ।

আদালতে যাওয়া

যদি আমার চাইল্ড কেয়ার প্রয়োজন হয় ?

শিশুদের আদালতে প্রবেশ করার অনুমতি নেই, যদি না তারা সাক্ষী দিতে আসে। আদালত গৃহ বা কোর্ট বিল্ডিং-এ শিশু পরিচর্যার কোনোরকম সুবিধা নেই। আপনার নিজস্ব বেবি সিটার বা শিশু পরিচর্যাকারী না থাকলে আপনি কাউন্সিল বা সমাজ সেবা বিভাগের সঙ্গে যোগাযোগ করে আপনার অঞ্চলে রেজিস্ট্রিভুক্ত শিশু পরিচর্যা সুবিধার তালিকা নিতে পারেন। এই খরচের কিছু অংশ যে ব্যক্তি আপনকে সাক্ষী দিতে ডেকেছেন তার কাছে দাবী করতে পারেন।

আমি কি পরব ?

সাক্ষীর জন্য বিশেষধরণের কোনো পোষাক বা ইউনিফর্ম হয় না। যা পরে আপনি স্বচ্ছন্দ বোধ করেন সেই পোষাক পরতে পারেন।

মামলার দিন

আদালতে আসার সময় আপনার 'সাইটেশন' বা সাক্ষী হবার জন্য ডাক পাঠিয়ে লেখা চিঠি সঙ্গে আনবেন এবং রিসেপশনে যিনি আছেন তাকে দেখাবেন। আপনাকে সাক্ষীদের জন্য নির্দিষ্ট প্রধান ওয়েটিং রুমে বসতে বলা হবে, হয়তো সেখানে অন্যান্য সাক্ষীরাও থাকবেন। কোর্ট অফিসার এসে আপনাকে জানিয়ে যাবেন যে আপনার সাক্ষী দেওয়ার পালা কখন।

অধিকাংশ সাক্ষী প্রধান দরজা দিয়ে আদালত গৃহে প্রবেশ করেন। আপনি যদি কোর্ট বিল্ডিং-এ ঢোকার ব্যাপারে অথবা মামলার সঙ্গে জড়িত অন্য কোনো ব্যক্তির সঙ্গে একই ওয়েটিং রুমে অপেক্ষা করার ব্যাপারে বিশেষভাবে উদ্বিগ্ন থাকেন, তাহলে কয়েকটি আদালতে উইটনেস সার্ভিস, VIA অথবা শিশুদের রিপোর্টারের অফিস থেকে কোনো ব্যক্তি একটি প্রাইভেট প্রবেশ পথে আপনার সঙ্গে সাক্ষাৎ করে একটি ভিন্ন ওয়েটিং রুমে অপেক্ষার জন্য নিয়ে যাবেন।

যে ব্যক্তি আপনাকে সাক্ষী হতে বলেছেন তার সঙ্গে এ ব্যাপারে কথা বলুন। এই ব্যবস্থা পূর্বেই করা হবে এবং প্রত্যেকেই আপনাকে সাহায্য করার যথাসাধ্য চেষ্টা করবেন, যদিও এমন কোনো গ্যারান্টি দেওয়া সম্ভব নয় যে মামলার সঙ্গে জড়িত ব্যক্তিদের সঙ্গে বিচার বা শুনানির সময় আপনার সাক্ষাত হবে না বা আপনি তাদের দেখবেন না।

অপেক্ষা

শিশুদের শুনানির মামলাগুলিতে একটি নির্দিষ্ট সময়সীমা ধার্য করা থাকে যাতে মামলাটির শুনানি যথা শীঘ্র সম্ভব হওয়া নিশ্চিত হয়।

অপরাধ সংক্রান্ত সকল মামলার বিচার যথা শীঘ্র সম্ভব করা হয় কিন্তু অপরাধের কতগুলি মামলা আদালতে আসতে দীর্ঘ সময় নিতে পারে। আপনাকে একটি তারিখ দেওয়ার পরেও, বিভিন্ন কারণে মামলার তারিখ পিছিয়ে যেতে পারে। এই বিলম্বের কথা আগে থেকে বোঝা যায় না। সাক্ষী এবং তার পরিবারবর্গ মাঝে মাঝে এই বিলম্বের জন্য হতাশ হয়ে পড়েন।

অনেক সময়ে সেই দিনটিতেই সমস্যা দেখা দিতে পারে, যথা কেউ অসুস্থ হতে পারে।

আপনাকে হয়তো অন্য আরেকটি দিন আসতে বলা হবে। আদালত অপেক্ষার সময়টি যতটা সম্ভব কম করার চেষ্টা করবে।

আপনি যদি বিলম্ব বিষয়ে উদ্বিগ্ন থাকেন, তাহলে প্রকিউরেটর ফিসকাল শিশুদের রিপোর্টার বা উকিল, যিনি আপনাকে সাক্ষী দেবার জন্য ডেকেছেন, তার সঙ্গে কথা বলুন।

এমনকি মামলা শুরু হয়ে যাওয়ার পরেও বিলম্ব হতে পারে এবং কয়েকজন সাক্ষীর সাক্ষ্য দেওয়ার পালা আসার আগে দীর্ঘ সময় এমন হতে পারে যে আপনার আগে যিনি সাক্ষী দিতে গেছেন তিনি যতটা আন্দাজ করা হয়েছিল তার চেয়ে বেশী সময় নিচ্ছেন।

আদালতে যাওয়া

সময় কাটানোর মতো কোনো বস্তু, যথা বই বা ম্যাগাজিন সঙ্গে নিয়ে এলে ভালো হয়। কয়েকটি আদালতে কাফে বা ক্যানটিন আছে এবং অধিকাংশ আদালতে খাদ্য ও নরম পানীয়ের জন্য ভেন্ডিং মেশিন আছে। যাইহোক, এ বিষয়ে আপনি আগে খোঁজ নেবেন, কারণ আপনি হয়ত কিছু খাবার সঙ্গে আনতে চাইবেন।

মামলা শুরু হয়ে যাওয়ার পরে যখন আপনি সাক্ষ্য দেওয়ার জন্য অপেক্ষা করবেন তখন ঐ মামলার সঙ্গে জড়িত অন্য সাক্ষীদের সঙ্গে আপনার সাক্ষ্য বিষয়ে কোনো আলোচনা করবেন না।

আপনার সাক্ষ্য দেওয়া হয়ে গেলে আপনি আবার সাক্ষীদের জন্য নির্ধারিত ওয়েটিং রুমে ফিরে যেতে পারবেন না।

শনাক্তকরণ

আদালতে আসার পূর্বেই আপনি হয়তো কোনো ব্যক্তিকে চিহ্নিত করেছেন, উদাহরণস্বরূপ শনাক্তকরণ সমাবেশে (আইডেন্টিফিকেশন প্যারেড)। যদি তেমন হয়ে থাকে, আদালতে সাক্ষ্য দেওয়ার সময় হয়তো আবার আপনাকে সেই কাজ করতে হবে না।

যাই হোক কয়েকটি ক্ষেত্রে যে ব্যক্তির বিষয়ে আপনাকে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে তাকে শনাক্তকরার প্রয়োজন হতে পারে। সাক্ষ্য দেওয়ার সময় আপনাকে হয়তো আদালত ঘরের চারিদিকে তাকিয়ে দেখতে এবং সেই ব্যক্তিদের দেখা গেলে তাদের চিহ্নিত করতে বলা হবে।

এ ব্যাপারে যদি আপনি চিন্তিত থাকেন, তাহলে যে ব্যক্তি আপনাকে সাক্ষী হতে ডেকেছেন তার সঙ্গে কথা বলুন। এ বিষয়ে তারা যদি কিছু করতে পারেন তাহলে সে বিষয়ে আপনাকে পরামর্শ দিতে পারেন।

আপনার সাক্ষ্য দেওয়া

সাক্ষীরা একের পর এক সাক্ষ্য দেবেন। তারা আদালতকে জানাবেন কী ঘটে থাকতে পারে অথবা তারা এবিষয়ে কী জানেন।

আপনাকে সাক্ষ্য দেওয়ায় সাহায্য করার জন্য প্রশ্ন জিজ্ঞাসা করা হবে। সাধারণত প্রকিউরেটর ফিসকাল উকিল অথবা শিশুদের রিপোর্টার প্রশ্নগুলি জিজ্ঞাসা করবেন। বিচারক বা শেরিফও আপনাকে প্রশ্ন করতে পারেন। আপনার জীবনে অথবা অন্য কোনো ব্যক্তির জীবনে যে ঘটনা ঘটেছে তারা সেই বিষয়ে আপনাকে প্রশ্ন করতে পারেন। অথবা আপনি দেখেছেন বা শুনেছেন এমন কোনো বিষয়েও তারা আপনাকে জিজ্ঞাসা করতে পারেন।

এটা জেনে রাখা জরুরী যে অভিযুক্ত ব্যক্তি একজন সাক্ষীকে কোনো প্রশ্ন জিজ্ঞাসা করার জন্য আইনত অনুমোদন লাভ করেন না যদি ঃ

- **অভিযুক্ত ব্যক্তি যদি যৌন অপরাধ সম্পর্কীয় ঘটনায় অভিযুক্ত হয়ে থাকেন; অথবা**

- **অন্য কয়েকটি ক্ষেত্রে, ক্ষতির সম্ভাবনা-যুক্ত কোনো সাক্ষীর স্বার্থ রক্ষার জন্য আদালত যদি এই সিদ্ধান্ত গ্রহণ করে থাকে।**

সাক্ষ্য দেওয়ার আগে আপনাকে হয়তো কোনো ধর্মীয় শপথ বাক্য উচ্চারণ করতে বলা হবে অথবা সত্য কথা বলার প্রতিশ্রুতি দিতে হবে। আপনি যদি ধর্মীয় শপথ গ্রহণ করতে চান, তাহলে আদালত আপনার ধর্মীয় বিশ্বাসকে মান্যতা দেবে।

আদালতে যাওয়া

আপনার সাক্ষ্য দেবার সময় নির্ভর করবে আদালতকে দেওয়ার মতো কত তথ্য আপনার কাছে আছে এবং কতগুলি প্রশ্ন আপনাকে জিজ্ঞাসা করা হবে তার উপরে।

পরীক্ষা এবং জেরা বা ক্রস একজামিনেশন

প্রকিউরেটর ফিসকাল বা শিশুদের রিপোর্টার এবং প্রত্যেক উকিল আপনাকে প্রশ্ন করার সুযোগ পাবেন, যাতে আপনি যা জানেন তা আদালতকে জানাতে পারেন, এবং আপনার বক্তব্যগুলিও সুস্পষ্ট হয়।
একে পরীক্ষা করা ও জেরা করা বলা হয়।

আপনি মন দিয়ে প্রশ্নগুলি শুনবেন এবং যথাসম্ভব নির্ভুল উত্তর দেওয়ার চেষ্টা করবেন।

সাক্ষী হিসেবে আপনার উচিত সত্য কথা বলা এবং আপনি যা জানেন তা আদালতকে জানানো।

মাঝে মাঝে কয়েকটি প্রশ্নের উত্তর দেওয়া কঠিন হয়। আপনার মনে রাখা উচিত যে আদালতের বিভিন্ন ধরণের সাক্ষীর সাক্ষ্য শোনার অভিজ্ঞতা আছে এবং তারা বুঝতে পারবেন যে কয়েকটি প্রশ্নের উত্তর দেওয়া অন্যগুলির চেয়ে কঠিন হতে পারে। আপনি ধীরে সুস্থে উত্তর দেবেন এবং সত্য কথা বলবেন।

সাক্ষ্য দেওয়ার সময় সাক্ষীদের সর্বদা সত্য কথা বলা বিশেষভাবে জরুরি।

আদালতে যাওয়া

যে সকল সাক্ষী ইচ্ছাকৃতভাবে সত্য কথা বলেন না, তাদের বিরুদ্ধে অপরাধ করার অভিযোগ হতে পারে।

কোনো ব্যক্তির বিষয়ে সত্য কথা বললে কী ঘটবে এই কথা চিন্তা করে আপনি যদি উদ্বিগ্ন বোধ করেন, এবং সাক্ষ্য দেওয়ার ব্যাপারে যে কোনো কারণে ভীত ও উৎকন্ঠিত থাকেন, অনুগ্রহ করে সেকথা যে ব্যক্তি আপনাকে সাক্ষী হতে বলেছেন তাকে বলুন।

সাক্ষীরা সাধারণত সাক্ষ্য দেওয়ার সময় দাঁড়িয়ে থাকেন, কিন্তু যদি বয়স ও স্বাস্থ্যের কারণে আপনি বেশীক্ষণ দাঁড়িয়ে থাকতে না পারেন, তাহলে বসার জন্য অনুমতি চাইতে পারেন। বিচারচলাকালীন যে কোনো সময়ে আপনি যদি বিশেষভাবে অস্বাচ্ছন্দ্য বোধ করেন, আপনি জজ বা শেরিফের কাছে বসে থাকার অনুমতি চাইতে পারেন।

সাক্ষ্য দেওয়ার সময় স্পষ্টভাবে কথা বলার চেষ্টা করবেন, যাতে বিচারক ও শেরিফ আপনার কথা ঠিকমতো শুনতেন পান এবং আবার বলার জন্য আপনাকে অনুরোধ করতে না হয়।

কয়েকটি ক্ষেত্রে, আদালতে যা ঘটে তা টেপ রেকর্ড করা থাকে। স্পষ্টভাবে কথা বলার এটাও আরেকটি কারণ। এর অর্থ আপনি ঘাড় নেড়ে বা মাথা ঝাঁকিয়ে প্রশ্নের উত্তর দিতে পারবেন না।

সাধারণত আপনার নাম জিজ্ঞাসা করা হবে, কিন্তু আপনার সাম্প্রতিক ঠিকানা না বললেও হবে, অবশ্য যদি না তা সাক্ষ্য-প্রমাণের একটি জরুরি অংশ হয়, উদহরণস্বরূপ যদি এটাই সেই স্থান হয় যেখানে অপরাধ সংঘটিত হয়েছিল। যদি কোনো বিশেষ কারণে আদালতে আপনার নাম ঠিকানা পাঠ করে শোনানোর ব্যাপারে আপনি উদ্বিগ্ন বোধ করেন, তাহলে যে ব্যক্তি আপনাকে সাক্ষী দিতে ডেকেছেন তার সঙ্গে কথা বলুন।

আপনি যদি কোনো প্রশ্ন বুঝতে না পারেন তাহলে আন্দাজ করার চেষ্টা করবেন না, আপনি বুঝতে পারেন নি সে কথা জানান। যে প্রশ্ন করছে তাকে প্রশ্নটি ব্যাখ্যা করতে বলুন, অথবা ভিন্নভাবে বলতে অনুরোধ করুন যাতে আপনি ঠিকমতো বুঝতে পারেন। একইভাবে আদালতে যদি কেউ আপনার উত্তর বুঝতে না পারেন, আপনার উচিত তাদের বুঝিয়ে দেওয়া।

আদালতে যাওয়া

কোনো ঘটনা স্মরণে না থাকার জন্য যদি আপনি প্রশ্নের উত্তর দিতে না পারেন, তাহলে সেকথা আদালতকে জানান।

সকল আদালতে বিচারক ও শেরিফের কর্তব্য হল সাক্ষীদের স্বার্থ রক্ষা করা।

যে প্রকার কন্ঠস্বরে বা যে ধরণে আপনাকে প্রশ্ন করা হচ্ছে তাতে যদি আপনার আপত্তি থাকে অথবা নিজের অস্বাচ্ছন্দ্য বিষয়ে উদ্বিগ্ন থাকেন, তাহলে সেকথা বিচারক বা শেরিফকে জানাতে আপনাকে উৎসাহিত করা হয়।

এটা কিভাবে করা হবে সে বিষয়ে আপনি হয়তো যে ব্যক্তি আপনাকে সাক্ষী হতে ডেকেছেন তার সঙ্গে ব্যক্তি আলোচনা করতে চাইবেন।

মনে রাখবেন আদালতে আপনি যা বলবেন তা যেন আপনার নিজস্ব সাক্ষ্য হয়। আপনার কাছ থেকে আপনার নিজস্ব ভাষায় আদালতের সেকথা শোনা প্রয়োজন। আপনি কী বলবেন সেকথা অন্য কেউ যেন না বলে দেয়। সাক্ষ্য দেবার সময় আপনার সর্বদা সত্য কথা বলা উচিত।

আপনার সাক্ষ্যদানের পরে

উকিলরা যখন আপনাকে প্রশ্ন করা শেষ করবেন, বিচারক অথবা শেরিফ আপনাকে জানাবেন যে আপনার সাক্ষ্যদান শেষ হয়েছে এবং আপনি যেতে পারেন।

আপনার তখন সাক্ষ্য দেওয়া শেষ হয়ে যাবে এবং আপনাকে আর ফিরে আসতে হবে না।

শিশুদের শুনানি মামলায়, যদি মামলাটি আপনার শিশুর বিষয়ে হয়, এবং আপনি একজন প্রাসঙ্গিক ব্যক্তি হন, বিচারকার্যের সময়ে আপনার উপস্থিত থাকার অধিকার থাকবে। শিশুদের রিপোর্টারের কাছে এ বিষয়ে স্পষ্টভাবে জেনে নেবেন।

অপরাধের মামলায় আপনার সাক্ষ্যদানের পরে, আপনি হয়তো কোর্টরুমের গ্যালারীতে বসে মামলাটি শুনতে চাইবেন। মনে রাখবেন, মাঝে মাঝে বিশেষ কোনো সাক্ষীর সাক্ষ্য দেওয়ার সময় আদালত ঘরে জনসাধারণকে থাকতে দেওয়া হয় না। আদালত কর্মীর কাছে জেনে নেবেন আপনার সাক্ষ্যদানের পরে আপনি কোর্টরুমে বসতে পারেন কি না।

আদালতে মামলার সমাপ্তি

একটি মামলা আদালতে কতদিন ধরে চলবে তা আগে থেকে কখনই বলা সম্ভব নয়। কয়েকটি মামলার নিষ্পত্তি একদিনেই হয়ে যায়, অন্যগুলি অনেক দিন, অনেক সপ্তাহ বা আরও বেশী কাল ধরে চলে। এটা সাধারণত নির্ভর করে কতজন সাক্ষী আছেন এবং তারা সাক্ষ্য দিতে কত সময় নেবেন তার উপরে।

যখন সকল সাক্ষীর সাক্ষ্য দেওয়া হয়ে যাবে, তখন বিচারক/শেরিফ (বা জুরি) তাদের সিদ্ধান্তে পৌঁছাবেন বা রায় শোনাবেন।

অপরাধের মামলায় তিন প্রকার সিদ্ধান্ত হওয়া সম্ভবঃ

✿ **দোষী** অর্থাৎ সাক্ষ্যপ্রমানগুলি দ্বারা সন্দেহাতীতভাবে প্রমানিত হয়েছে যে অভিযুক্ত ব্যক্তি প্রকৃতই অপরাধটি করেছে অথবা অপরাধের কাজে অংশ নিয়েছে। বিচারককে তারপর কোনো দন্ড বা শাস্তি বিবেচনা করতে বলা হবে।

✿ **প্রমাণিত হয় নি অথবা নির্দোষ** অর্থাৎ অভিযুক্ত ব্যক্তি যে অপরাধী তা সন্দাহাতীত রূপে প্রমাণ করার মতো যথেষ্ট সাক্ষ্য প্রমাণ পাওয়া যায়নি, অথবা অন্য বিশেষ কারণ ছিল যার জন্য অভিযুক্ত ব্যক্তিকে দোষী সাব্যস্ত করা যায় নি। এই দুটি সিদ্ধান্তের ফলাফল একই হয়। এর অর্থ অপরাধী ব্যক্তিকে আদালত থেকে মুক্তি দেওয়া হবে এবং চলে যাওয়ার অনুমতি দেওয়া হবে এবং এই একই দোষে আবার তার বিচার করা হবে না।

আদালতে যাওয়া

শিশুদের শুনানির মামলায় কী প্রমাণিত হয়েছে সে বিষয়ে শেরিফ সিদ্ধান্ত নেবেন, তিনি স্থির করবেন এমন কোনো প্রমাণ পাওয়া গেছে কিনা যার দ্বারা নিশ্চিত হওয়া যায় যে ঘটনাটিকে আদালতে শিশুদের শুনানির মামলায় পাঠাতে হবে। যদি ঘটনাটি শিশুদের শুনানির মামলায় পাঠানো হয়, তাহলে এর পর কী ঘটবে তার সিদ্ধান্ত সেখানেই নেওয়া হবে।

অপরাধের মামলায় ফলাফল কী হল সেকথা কেউ আপনাকে জানাবে।

শিশুদের শুনানির মামলায় যেখানে শিশুর গোপনীয়তা সুরক্ষিত রাখা হয়, এই তথ্যগুলি সহজলভ্য নয়।

বিশেষ কোনো দন্ডাজ্ঞা বা শাস্তি বিষয়ে আপনার যদি কোনো প্রশ্ন থাকে, অথবা যদি কারো সঙ্গে কথা বলতে চান তাহলে প্রকিউরেটর ফিসকাল/VIA, শিশুদের রিপোর্টার অথবা উকিল, যে ব্যক্তি আপনাকে সাক্ষী হতে ডেকেছেন তার সঙ্গে যোগাযোগ করুন। তারা আপনাকে ততখানি তথ্যই জানাতে পারেন যতটা জানানোর জন্য তারা অনুমোদন প্রাপ্ত।

আপনি যদি খরচ দাবী করতে চান, তাহলে আপনার সাইটেশনের (সাক্ষী হওয়ার অনুরোধ জানিয়ে লেখা চিঠি) পিছনের পৃষ্ঠায় এ বিষয়ে বিস্তারিত জানানো হয়েছে। আপনার সাক্ষী দেওয়া সম্পূর্ণ হলে যে ব্যক্তি আপনাকে সাক্ষী দিতে ডেকেছিলেন তার কাছ থেকে এই খরচ দাবী করতে পারেন। এই ব্যক্তি স্থানীয় প্রোকিউরেটর ফিসকাল, শিশুদের রিপোর্টার অথবা প্রতিবাদী উকিল হতে পারেন. মাঝে মাঝে আপনি স্থানীয় আদালত থেকে খরচ দাবী করতে পারেন।

অন্যান্য যেসব সাহায্য পাওয়া যায়

অপরাধজনিত হানির ক্ষতিপূরণ দাবী ঃ আপনি যদি হিংসাত্মক অপরাধ দ্বারা ক্ষতিগ্রস্ত হয়ে থাকেন, আপনি হয়তো অপরাধজনিত হানির ক্ষতিপূরণ দাবী করে আবেদন জানানো বিবেচনা করবেন।

আপনি নীচের ঠিকানায় যোগাযোগ করে দাবীর ফর্ম পেতে পারেন ঃ

দ্যা ক্রিমিনাল ইনজুরিস কমপেনসেশন [The Criminal Injuries Compensation Authority (CICA)]
Tay House
300 Bath Street
Glasgow
G2 4LN
টেলিফোন ঃ 0141 331 2726

এই ফর্মটি পূরণ করার জন্য যদি আপনার সাহায্যের প্রয়োজন হয়, আপনি স্থানীয় ভিকটিম সাপোর্ট বা ক্ষতিগ্রস্ত ব্যক্তির সহায়ক অফিস অথবা একজন উকিলকে বলতে পারেন।

ভিকটিম নোটিফিকেশন স্কীম (ক্ষতিগ্রস্ত ব্যক্তির জন্য সূচনা পরিকল্পনা) ঃ আপনি যদি কোনো অপরাধের দ্বারা ক্ষতিগ্রস্ত হয়ে থাকেন, এবং অভিযুক্ত ব্যক্তিটিকে চার বছর বা বেশী সময়ের জন্য কারাগারে পাঠানো হয়ে থাকে, তাহলে আপনি ভিকটিম নোটিফিকেশন স্কীমে অংশগ্রহণ করার জন্য যোগ্য বিবেচিত হবেন। এই পরিকল্পনার উদ্দেশ্য অভিযুক্ত ব্যক্তি কবে কারাগার থেকে মুক্তি পাবে সেই খবর ক্ষতিগ্রস্ত ব্যক্তি এবং তার পরিবারকে সরবরাহ করা। যদি আপনি যোগ্য বিবেচিত হন তাহলে VIA থেকে এই মর্মে একটি চিঠি ও পুস্তিকা লাভ করবেন।

ভিকটিম সাপোর্ট স্কটল্যান্ড ঃ সকল অবস্থাতেই স্থানীয় সহায়ক পরিষেবাগুলির সঙ্গে কথা বলা আপনার পক্ষে সাহায্যকারি হতে পারে। ভিকটিম সাপোর্ট স্কটল্যান্ড হেল্পলাইন আপনাকে আপনার স্থানীয় অফিসের সঙ্গে যোগাযোগ করিয়ে দেবে, টেলিফোন নম্বর 0845 603 9213।

উইটনেস সার্ভিস বা VIA থেকে আপনি এই স্থানীয় পরিষেবাগুলি বিষয়ে আরও বেশি জানতে পারেন।

স্কটিশ প্রিজনার্স ফ্যামিলিজ হেল্পলাইন ঃ আপনি যদি এমন একজন অভিযুক্ত ব্যক্তির আত্মীয় হন, যাকে কারাগারে পাঠানো হয়েছে এবং আপনার তথ্যের অথবা সহায়তার জন্য আপনার কথা শোনার মতো একজন ব্যক্তিকে প্রয়োজন হয় তাহলে আপনি 0500 83 93 83 নম্বরে ফ্রি ফোন হেল্পলাইনে যোগাযোগ করুন।

অন্য কোনো প্রশ্ন বা মন্তব্য

মামলার তারিখের আগে আপনার কাছে প্রয়োজনীয় সকল তথ্য আছে কিনা সে বিষয়ে নিশ্চিত হন। উদাহরণস্বরূপ কোর্ট বিল্ডিং বা টেলিভিশন লিংক রুমটি কোথায় এবং কিভাবে আপনি সেখানে পৌঁছাবেন সে বিষয়ে জেনে রাখুন।

সাক্ষী হওয়া বিষয়ে আপনার যদি কোনো প্রশ্ন থাকে, তাহলে সেটা লিখে রাখলে আপনার সুবিধা হবে আপনি এ বিষয়ে প্রকিউরেটর ফিসকাল/VIA, উকিল, শিশুদের রিপোর্টার অথবা যে ব্যক্তি আপনাকে আদালত পরিদর্শন করাবেন তার সঙ্গে আলোচনা করতে পারেন।

এই পুস্তিকার শেষ পৃষ্ঠায় নোট লেখার স্থানে আপনার মনে যে প্রশ্ন আছে তা লিখে রাখতে পারেন।

এই পরিষেবা কিভাবে আপনাকে সাহায্য করেছে এবং কিভাবে এর আরও উন্নতি করা সম্ভব এ বিষয়ে আপনি নিজের মতামত জানাতে পারেন।

আপনার যদি এমন কোনো বক্তব্য থাকে আপনার ধারনায় যা ভবিষ্যতে অন্য সাক্ষীদের সাহায্য করতে পারে, তাহলে সেটা প্রকিউরেটর ফিসকাল/VIA, শিশুদের রিপোর্টার বা উকিলকে জানান।

উইটনেস সার্ভিস আপনাকে আপনার মন্তব্য শোনার জন্য আমন্ত্রণ জানাতে পারে।

যা মনে রাখবেন

আদালতে মামলাটি নিয়ে আসার ব্যাপারে যারা জড়িত তারা সকলেই বুঝতে পারবেন আপনার পক্ষে সময়টি সঙ্কটজনক হতে পারে। আপনার আশঙ্কা ও উদ্বেগ বিষয়ে তাদের সঙ্গে কথা বলুন। তারা আপনার সাহায্য করার জন্য প্রস্তুত।

- এই পুস্তিকার বিষয়বস্তু বিষয়ে যদি আপনার কোনো প্রশ্ন থাকে অথবা অন্য কোনো ব্যাপারে আপনি যদি অনিশ্চিত থাকেন, তাহলে যে ব্যক্তি আপনাকে সাক্ষী হতে ডেকেছেন তার সঙ্গে কথা বলুন।
- আপনাকে যদি ইতিমধ্যেই আদালত পরিদর্শনে না নিয়ে গিয়ে থাকে, শীঘ্রই নিয়ে যাওয়ার জন্য বলুন।

সাক্ষী হিসেবে আপনার সবচেয়ে জরুরী কাজ হলো আপনি যা কিছু জানেন সে বিষয়ে সত্য কথা বলা

ধন্যবাদ

যোগাযোগের জন্য প্রয়োজনীয় নাম ও নম্বর

পুলিশ অফিসার ঃ

শিশুদের রিপোর্টার ঃ

উকিল ঃ

উইটনেস সার্ভিস ঃ

প্রকিউরেটর ফিসকাল ঃ

ভিকটিম ইনফর্মেশন অ্যান্ড অ্যাডভাইস (VIA) ঃ

ভিকটিম সাপোর্ট স্কটল্যান্ড ঃ

অন্যান্য সংস্থা/এজেন্সী যোগাযোগ ঃ

আদালতে যাওয়া

পরিভাষা

আদালতে যাওয়া

আদালতে লোকেরা অনেক শব্দ ব্যবহার করে যার সঙ্গে হয়তো আপনি বিশেষ পরিচিত নন। এখানে সেইরকম কিছু শব্দের তালিকা দেওয়া হলঃ

অভিযুক্ত ব্যক্তি

যে ব্যক্তির বিচার হচ্ছে, যাকে আইনভঙ্গের অপরাধে অভিযুক্ত করা হয়েছে।

অ্যাডভোকেট ডেপিউট

বাদী পক্ষের আইনজীবি যিনি ক্রাউন অফিসের জন্য কাজ করেন এবং হাইকোর্টে আসেন - প্রকিউরেটর ফিসকাল দেখুন।

অ্যাফারমেশন (প্রতিশ্রুতি)

সত্য কথা বলার প্রতিশ্রুতি। (শপথ গ্রহণ দেখুন)।

অ্যালিগেশন

কেউ অভিযোগ করেছেন যে এমন একটি ঘটনা ঘটেছে।

চার্জ (অপরাধ)

যে অপরাধের কারণে অভিযুক্ত ব্যক্তির বিচার হচ্ছে।

আদালতে যাওয়া

শিশুদের শুনানি

শিশুদের প্যানেল (জুরি), পরিবাগবর্গ, শিশুটি এবং অন্য আরো কিছু ব্যক্তি যখন একত্রে মিলিত হয়ে আদালতে প্রমাণিত একটি ঘটনার সঙ্গে জড়িত শিশুর ব্যাপারে দুশ্চিন্তা নিয়ে আলোচনা করেন।

শিশুদের শুনানি মামলা

আদালতের বিচার পর্ব যেখানে সাক্ষীরা রিপোর্টারের আনা মামলাটির পক্ষে এবং বিপক্ষে সাক্ষ্য দেন। শিশুদের কোনো শুনানি হওয়ার আগে ঘটনাটির সত্যতা প্রমাণিত অথবা সে বিষয়ে সহমত হওয়া প্রয়োজন।

শিশুদের রিপোর্টার

যে ব্যক্তি শিশুদের শুনানির মামলাটি আদালতে উপস্থিত করেন এবং সাক্ষীদের সেখানে আসার জন্য অনুরোধ করেন।

সাইটেশন

একটি অফিশিয়াল ফর্ম বা চিঠি যাতে একজন সাক্ষীকে একটি বিশেষ তারিখে কোনো একটি নির্দিষ্ট আদালতে আসতে বলা হয়।

ক্লার্ক (আদালতের)

যে ব্যক্তির কাছে আদালতের কাগজ ও নথীপত্র থাকে।

অপরাধ করা

আইনভঙ্গ করার মতো একই ব্যাপার।

নালিশ

কারো বিরুদ্ধে আইনভঙ্গ করার অভিযোগ জানিয়ে দেওয়া বিবৃতি - এটি আদালতের দলিলও হতে পারে যাতে বিচারাধীন অভিযুক্ত ব্যক্তির অপরাধ বর্ণনা করা হয়েছে।

আদালতে যাওয়া

ক্রস একজামিনেশন

যে ব্যক্তি সাক্ষীকে আদালতে আসতে বলেছে তার জিজ্ঞাসাবাদ শেষ হয়ে যাওয়ার পরে অপর পক্ষের উকিলের দ্বারা জিজ্ঞাসিত হওয়া – দেখুন পরীক্ষা (প্রধান)।

ক্রাউন অফিস

যে স্থানটি কেসগুলিকে আদালতে নিয়ে আসার দায়িত্বে আছে - প্রসিকিউশনও বলা হয়।

কোর্ট কেস

ব্যক্তির বিচার বা আদালতের কার্যকলাপ।

কোর্ট (আদালত) অফিসার (কখনও কখনও মেসারও বলা হয়)

ব্যবহারিক কাজে যে ব্যক্তি বিচারককে সাহায্য করে, উদাহরণস্বরূপ এরা প্রত্যেক সাক্ষীকে আদালতে ডাকার কাজও করেন।

আদালত পরিদর্শন

বিচারের আগে আদালত ঘুরে দেখা যাতে সাক্ষী বুঝতে পারেন আদালত স্থানটি কেমন এবং আদালতের কর্মপ্রক্রিয়া সম্বন্ধে অনেক কিছু জানতে পারে।

প্রতিবাদী পক্ষের উকিল (ডিফেন্স কাউন্সেল)

উকিল যিনি অভিযুক্ত ব্যক্তির প্রতিনিধিত্ব করেন এবং আদালতে তাকে সাহায্য করেন।

সাক্ষ্য (প্রমাণ)

সাক্ষী আদালতে যা বলেন - এটা কোনো বস্তু যেমন ফটো, জামাকাপড় বা আঁকা ছবিও হতে পারে, যা আদালতে নিয়ে আসা হয় কী ঘটেছিল তা দেখাবার জন্য।

আদালতে যাওয়া

পরীক্ষা (প্রধান)

সেই আইনজীবির দ্বারা জিজ্ঞাসিত হওয়া, যিনি সাক্ষীকে আদালতে আসতে বলেছিলেন। এই উকিল সাক্ষীকে সর্বপ্রথম প্রশ্ন করবেন – অন্য সব উকিল প্রশ্ন করার আগে – ক্রস একজামিনেশন দেখুন।

শনাক্তকরণ (আইডেনটিফিকেশন)

সাক্ষী যখন কোনো ব্যক্তির বিষয়ে কথা বলার সময় তার দিকে অঙ্গুলি নির্দেশ করে দেখায় – এটা কখনও কখনও আদালতে কেস শুরু হওয়ার আগে হয়ে থাকে অথবা আদালাতেও ঘটতে পারে।

ইনডাইটমেন্ট (অফিযোগপত্র)

উচ্চ আদালত বা শেরিফ এবং জুরি কোর্ট – যে অপরাধের জন্য দোষীর বিচার হবে এতে সেই অপরাধ বর্ণনা করা হয়।

বিচারক

যে ব্যক্তি বিচারের দায়িত্বভার গ্রহণ করেছেন এবং যিনি আদালত কক্ষের ঘটনা নিয়ন্ত্রণ করেন – দেখুন শেরীফ।

জুরি

পনেরোজন পুরুষ এবং মহিলা (জুরর) যারা সাক্ষ্য প্রমাণ শোনেন এবং অভিযুক্ত ব্যক্তি অপরাধী কিনা সে বিষয়ে সিদ্ধান্ত নেন।

শপথ

আদালতে সাক্ষ্য দেওয়ার আগে সাক্ষী যে ধর্মীয় শপথ গ্রহণ করে যে সে সর্বদা সত্য কথা বলবে – ধর্মীয় শপথ ছাড়াও সাক্ষী সত্য কথা বলার প্রতিশ্রুতি দিতে পারে (অ্যাফার্মেশন দেখুন) - আপনি এ বিষয়ে জিজ্ঞাসা করতে পারেন।

প্লি (প্রতিবাদীর জবাব)

বিচারের পূর্বে সে দোষী না নির্দোষ প্রশ্ন করা হলে তার উত্তরে অভিযুক্তব্যক্তি যে জবাব দেয়।

প্রিকগনিশন

মামলার পূর্বে সাক্ষীকে প্রস্তুত হতে সাহায্য করার জন্য প্রকিউরেটর ফিসকাল, শিশুদের রিপোর্টার বা প্রতিবাদী পক্ষের উকিলরা তার যে সাক্ষাৎকার নেন।

প্রকিউরেটর ফিসকাল

একজন আইনজীবি যিনি মোকদ্দমার পক্ষে কাজ করেন – ক্রাউন অফিস দেখুন। মামলাটি আদালতে আনা হবে কিনা সে বিষয়ে তারা সিদ্ধান্ত নেন।

প্রসিকিউশন

কারো বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া এবং কেসটি আদালতে আনা – প্রকিউরেটর ফিসকাল ও ক্রাউন অফিস দেখুন।

প্রডাকশন্স

যে সকল বস্তু আদালতে প্রমাণ হিসেবে দেখানো হয়, যেমন চিঠি বা জামকাপড়।

সেফগার্ডার (নিরাপত্তারক্ষক)

একজন স্বতন্ত্র ব্যক্তি যাকে একটি শিশুর নিরাপত্তা রক্ষার জন্য বহাল করা হয়েছে।

সেনটেন্স (দন্ড)

অভিযুক্ত ব্যক্তি আইনভঙ্গের অপরাধে দোষী প্রমাণিত হওয়ার পরে বিচারকের সিদ্ধান্ত – এটি দোষী ব্যক্তিকে দন্ড বা শাস্তি দেওয়াও হতে পারে।

শেরীফ

শেরীফ আদালতে বিচারকের নাম।

সমাজ সেবী

শিশু এবং প্রাপ্তবয়স্ক ব্যক্তিদের যখন অতিরিক্ত সাহায্য বা তত্ত্বাবধানের প্রয়োজন হয়, তখন যে ব্যক্তি তাদের জন্য কাজ করে।

বিশেষ ব্যবস্থা

শিশু সাক্ষী এবং প্রাপ্তবয়স্ক ও ক্ষতির সম্ভাবনাযুক্ত সাক্ষীদের সাক্ষ্যদানে সাহায্য করার নানা উপায়, উদাহরণস্বরূপ টেলিভিশন সংযোগ বা স্ক্রীন – সহায়ক ব্যক্তি দেখুন।

বিবৃতি (বয়ান)

সাক্ষী যা বলেছে পুলিশের দ্বারা নেওয়া তার লিখিত বিবরণ বা রেকর্ডিং।

সহায়ক ব্যক্তি

সাক্ষী সাক্ষ্য দেওয়ার সময় যে ব্যক্তি তার সঙ্গে থাকতে পারে - বিশেষ ব্যবস্থা দেখুন।

বিচার

অপরাধের মামলার আদালতে সাক্ষীরা যখন সাক্ষী দিতে আসেন আদালতে তখন যে আইনের কার্যধারা চলে।

রায়

বিচারের শেষে যে সিদ্ধান্ত নেওয়া হয়।

সাক্ষী

যে ব্যক্তির কোনো ঘটনা বিষয়ে তথ্য জানা আছে এবং সে বিষয়ে আদালতে বলার জন্য যাকে ডাকা হয়েছে - 'সাক্ষ্য' দেখুন।

আপনার নোটস